ঝিনাইদহে কাল্বের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড’র বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে শহরের কুটুম কমিউনিটি সেন্টারে সংগঠনটির ১৪তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

সংগঠনটির সদর উপজেলা শাখার চেয়ারম্যান আলমগীর হোসেনের সভাপতিত্বে সেক্রেটারী খুরশিদ মোহাম্মদ সালেহ’র সঞ্চালনায় প্রধান অতিথি ছিলেন সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাড. মুন্সী কামাল আজাদ পান্নু।

প্রধান আলোচক ছিলেন কাল্ব’র ট্রেজারার নরেশ চন্দ্র বিশ্বাস। বিশেষ অতিথি ছিলেন কাল্ব’র ‘গ’ অঞ্চলের ডিরেক্টর অধ্যক্ষ শেখ সহিদুল ইসলাম, মাগুরা-নড়াইল-ঝিনাইদহ জেলার শাখা ব্যবস্থাপক শাহাজুল হক।

এ সভায় সদর উপজেলার দুই শতাধিক শিক্ষক-কর্মচারী অংশ নেন। সভায় বিগত বছরের আয়-ব্যয় ও হিসাব-নিকাশ উপস্থাপন করা হয়। পাশাপাশি সংগঠনের ভবিষ্যৎ কার্যক্রম ও সদস্যদের কল্যাণে বিভিন্ন পরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়।

ঝিনাইদহে শিক্ষক কর্মচারী কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৯ জানুয়ারী) বিকেলে সদর উপজেলা অফিসে শিক্ষক

কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সদর উপজেলা শাখার সভাপতি মোঃ আলমগীর হোসেনের সভাপতিত্বে এসভা অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত ছিলেন ক্লাবের জেলা ব্যবস্থাপক আনিসুর রহমান, সহসভাপতি আমির হোসেন, সেক্রেটারি কে এম সালেহ, কোষাধ্যক্ষ অতিন্দ্র নাথ, পরিচালক কামরুল ইসলাম ও রাইজুল ইসলাম প্রমূখ।

সভাটি পরিচালনা করেন উপজেলা ম্যানেজার হারুনুর রশীদ। সর্বিক সহযোগিতায় ছিলেন প্রোগ্রাম অফিসার আজম খান ও জুয়েল রানা। সভায় মাসিক ঋনদান ও সদস্য অন্তরভুক্তিসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

মুজিবনগরে গোপালনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

মুজিবনগরে গ্রামের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নে সহযোগিতার মাধ্যমে সাধারণ মানুষকে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে।গড়ে ওঠে গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন। গ্রামের সাধারণ জনগোষ্ঠীর নিজেদের টাকার সঞ্চয় দিয়ে তিল তিল করে গড়ে ওঠা মুজিবনগর উপজেলার সবথেকে বড় ক্রেডিট ইউনিয়ন গোপালনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন। এই ক্রেডিট ইউনিয়ন স্বচ্ছতার মাধ্যমে বিভিন্ন স্কিম এর আওতায় তাদের ৩৭৭০ জন সদস্যদেরকে সেবা দিয়ে যাচ্ছে।

সেই ক্রেডিট ইউনিয়ন গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর ২৭ তম বার্ষিক সাধারণ সভা -২০২৩ অনুষ্ঠিত হয়েছে শনিবার সকাল সাড়ে দশটার সময় গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন এর অফিস প্রাঙ্গনে এই সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক এর সভাপতিত্বে এবং কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের ম্যানেজার মাহফুজ আলম এর সঞ্চালনায়,সাধারণ সভায়, প্রধান অতিথি ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার আজগর আলী। প্রধান আলোচক হিসাবে উপস্হিত ছিলেন মেহেরপুর জেলা সমবায় কর্মকর্তা প্রভাষ চন্দ্র বালা।

বিশেষ অতিথি হিসাবে ছিলেন,মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা উজ্জল কুমার দত্ত, মুজিবনগর উপজেলা সমবায় কর্মকর্তা জহুরুল ইসলাম,দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ (কালব) ,অঞ্চল ডিরেক্টর আরিফ হাসান, মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান, গোপালনগর কো-অপারেটিভ ইউনিয়নের সহ-সভাপতি সাফায়েত হোসেন, সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, কোষাধ্যক্ষ আবু নাঈম ডালিম, সদস্য ইনসান আলী ও আনিদুল ইসলামসহ গোপালনগর অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের কর্মকর্তা ও কর্মচারী এবং গোপালনগর ক অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের ৩৩৭০ জন সদস্য ও সদস্যবৃন্দ।

মুজিবনগরে গোপালনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের শিক্ষাবৃত্তি প্রদান

“বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন” মুজিবনগরে গোপালনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন কর্তৃক শিক্ষিত সমাজ বিনির্মাণে অবদান রাখতে প্রতিবছরের ন্যায় এবারও উপজেলার গরিব মেধাবী শিক্ষার্থীদের মাঝে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়েছে।

শিক্ষাবৃত্তির প্রদান উপলক্ষে গতকাল শনিবার সকালে গোপালনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের আয়োজনে তাদের নিজস্ব অফিস হল রুমে এই শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মেহেদী রাসেল, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা,জেলা পরিষদ সদস্য আজিমুল বারী মুকুল, গোপালনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুর এর প্রধান শিক্ষক আব্দুস সালাম, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম মুজিবনগর আম্রকানন মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ফারুক আহম্মেদ, গোপালনগর কোঅপারেটিভ ক্রেডিট ইউনিয়ন এর কোষাধক্ষ আবু নঈম ডালিম, সহ-সভাপতি শাফায়েত হোসেন, নির্বাহী কমিটির সদস্য আনিদুল ইসলাম এবং ইনসান আলী।

শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে উপজেলার ৫১ জন শিক্ষার্থীকে এই বছর শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনায় ছিলেন, গোপালনগর কোঅপারেটিভ ক্রেডিট ইউনিয়নের ডিজিএম মাহফুজ আলম গোলাম।